স্নাতক পাঠক্রম (B.D.P.)

অনুশীলপত্র (Assignment) : ডিসেম্বর, ২০১৪ ও জুন ২০১৫

বাংলা (Bengali)

ভিত্তিমূলক (Foundation)

(FBG : Foundation Course in Bengali)

যে কোন দুটি প্রশ্নের উত্তর অনধিক ২৫০ শব্দে দিন ঃ

খ) রক্তের গঠন, মানুষের শরীরে রক্তের কাজ ও প্রয়োজনীয়তা এবং রক্তের শ্রেণীবিভাগ সম্পর্কে আলোচনা করুন।

উত্তর ঃ- **উঃ– রক্ত ঃ–**

রক্ত একপ্রকার অস্বচ্ছ, লবণাক্ত, ক্ষারধর্মী তরল সংযোগ কলা।

রক্তের কাজ ঃ– রক্তের প্রধান কাজগুলি হল ঃ–

১) খাদ্য বস্তু পরিবহন ঃ–

রক্ত অন্ত্র শোষিত সরল খাদ্যবস্তু দেহের বিভিন্ন কোষে পৌঁছে দেয়। রক্ত দেহের বিভিন্ন সঞ্চয়ী স্থান থেকে খাদ্য বস্তু দেহের বিভিন্ন কলা শেষে প্রেরণ করে।

২) শ্বাসবায়ু পরিবহণ ঃ–

রক্ত ফুসফুস থেকে O_2 বহন করে কলা কোষে পৌছে দেয়, এবং শ্বসনের ফলে উৎপন্ন Co2 গ্যাসকে ফুসফুসের বায়ু থলিতে পৌঁছে দেয়।

৩) দূষিত পদার্থের অপসারণ ঃ–

কোষে উৎপন্ন বিপাক জাত দূষিত পদার্থগুলিকে রক্ত কোষ থেকে অপসারিত করে দেহের রেচন অঙ্গে প্রেরণ করে।

৪) পরিবহণের মাধ্যম হিসাবে কাজ করে ঃ–

রক্ত, হরমোন, ভিটামিন এবং অন্যান্য প্রয়োজনীয় রাসায়নিক পদার্থকে তাদের ক্রিয়ার স্থানে বহন করে আনে।

আমাদের শরীরের ভিতর যে লাল তরল পদার্থ আছে তাকেই রক্ত বলা হয়। এই রক্ত হল এক রকমের বিশেষ ধরনের জীবকোষের সমন্বয়। রক্ত আমাদের শরীরের ভিতরে বিভিন্ন কোষে ফুসফুস থেকে অক্সিজেন ও পাকস্থলী থেকে খাদ্য বহন করে নিয়ে যায় এবং বহিরাগত যেকোনও ধরনের রোগজীবাণুর আক্রমণ থেকে শরীরকে রক্ষা করবার চেষ্টা করে।

রক্তকনিকারে আমরা তিনভাগে ভাগ করতে পারি– যথা– ১) লোহিত কনিকা, ২) শ্বেতকনিকা, ও অপরটি হল ৩) বনহীন কনিকা।

লোহিত কনিকার লাল অংশটুকু বলা হয় হিমোগ্লোবিন, হিমোগ্লোবিনের সাহায্যে ফুসফুসে আগত বায়ু থেকে অক্সিজেনকে শোষন করে শরীরের অপরিশোধিত রক্তকে শোধন করা হয়। তাছাড়া খাদ্য পরিবহনের কাজও লোহিত কনিকার সাহায্যে সম্পাদিত হয়।

শ্বেতকনিকা শরীরের বহিরাগত রোগজীবাণুকে ধ্বংস করে শরীরকে রোগমুক্ত রাখার চেষ্টা করে খাদ্যের অপ্রয়োজনীয় অবশিষ্টাংশ শরীর থেকে নির্গত করে দিতে সাহায্য করে।

বর্ণহীন কনিকার কাজ হল শরীরের ছোট বা ক্ষতস্থান থেকে রক্ত বেরিয়ে যেতে থাকলে বর্ণহীন কনিকার সাহায্যে রক্ত জমাট বেঁধে রক্ত প্রবাহ বন্ধ হয়। রক্তের মধ্যে লোহিত কনিকার অন্যান্য তুলনায় অনেক বেশী থাকে বলে আমরা খালি চোখে রক্তকে শুধু লালই দেখতে পাই।

আমাদের শরীরের ভিতর যে লাল তরল পদার্থ থাকে তাকে বলে রক্ত। রক্ত হল একরকমের বিশেষ ধরনের জীবকোষের সমন্বয়। রক্তকে আমরা প্রধানত দুটি শ্রেণীতে ভাগ করতে পারে– (১) রক্তকণিকা, (২) প্লাজমা।

অ্যান্টিজেন 'এ' এবং অ্যান্টিজেন 'বি' এর উপস্থিতি ও অনুপস্থিতির উপর ভিত্তি করে রক্তকে প্রধানতঃ চার শ্রেণীতে ভাগ করা যায় যেমন– 'এ', 'বি', 'এ-বি' এবং 'ও'। যদি কারও রক্ত অ্যান্টি - এ সিরামের সংমিশ্রণে জমাট বাঁধে তাহলে এই রক্তকে বলে 'এ'। কারো রক্ত অ্যান্টি - বি সিরামের সংমিশ্রণের ফলে জমাট বাঁধে তাহলে তাকে বলে 'বি' শ্রেণীভুক্ত রক্ত। আর যদি কারো রক্ত অ্যান্টি 'এ' সিরাম ও অ্যান্টি- বি সিরাম উভয়ের সংমিশ্রণে জমাট বাঁধে তাহলে এই রক্তকে বলে – এ-বি, আবার যদি কারো রক্ত কোন অ্যান্টি বডির সংমিশ্রণের ফলে জমাট না বাঁধে তবে সেই রক্তকে বলে 'ও' শ্রেণীভুক্ত (এরপর পাতা নং ১৩১-১৩২ মূল বই থেকে যোগ করতে হবে)।

আমাদের শরীরের ভিতরে বিভিন্ন কোষে ফুসফুস তেকে অক্সিজেন ও পাকস্থলী থেকে খাদ্য বহন করে নিয়ে যায় এবং বহিরাগত যেকোনও দরণের রোগজীবাণুর আক্রমণ থেকে শরীকে রক্ষা করবার চেষ্টা করে।

ঘ) বাংলা ভাষাত ধ্বনি, বর্ণ, অক্ষর, দ্বিস্বর ধ্বনি ও অর্ধস্বর ধ্বনি এবং স্বরধনি ও ব্যঞ্জনধ্বনি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করুন।

উত্তর ঃ- কথা বলার সময় শ্বাসবায়ু বেরিয়ে যায় এবং গলা, জিভ, নাক দাঁত ইত্যাদিকে স্পর্শ করে। ফলে নানা আওয়াজ উৎপন্ন হয়। এই গলা,জিভ ইত্যাদি থেকে আওয়াজ উৎপন্ন হয় বলে এই অঙ্গকে বলে বাগযন্ত্র। এই বাগযন্ত্রের সাহায্যে উচ্চারিত অর্থযুক্ত আওয়াজ বলে ধ্বনি।

যেমন ঃ– আ+ম+অ- এক একটি ধ্বনি।

বর্ণ ঃ–

ধ্বনিকে লিখে প্রকাশ করতে গেলে যে সব সাংকেতিক চিহ্নের ব্যবহার করা হয় তাদের বলে বর্ণ। যেমন অ- উচ্চারণ করলাম এটা হল ধ্বনি। বিশেষ সংকেত চিহ্নে অ লিখলাম। এই হল বর্ণ।

অক্ষর ঃ–

ধ্বনি সাংকেতিক চিহ্নের নাম বর্ণ। কিন্তু বাগযন্ত্রের স্বল্পতম প্রয়াসে শব্দস্থ যতটুকু ধ্বনি উচ্চারণ করা যায় তাকেই অক্ষর বলে।

যেমন– 'বসুমতি' (ব-সু-ম-তী) এই চারটি অক্ষর নিয়ে শব্দটি গঠিত। প্রতিটি অক্ষরের সঙ্গে একটি করে স্বধ্বনি যুক্ত আছে। যেমন-র+অ = ব, স+উ= সু, ম+অ = ম

দ্বিস্বর ধ্বনি ঃ–

বাংলায় যৌগিক স্বর মাত্র দুটি ঐ এবং ঔ। এগুলি প্রত্যেকটি দুটি করে স্বরের মিলে গঠিত বাংলার দ্বি স্বরধ্বনি। যেমন– ঐ=ও+ই, ঔ = ও+ঔ। বাংলায় আরো স্বরধ্বনি উচ্চারিত হয়। যেমন– এই=এ+ই। এখানে দুটি স্বতন্ত্র একক স্বর রূপে উচ্চারিত হচ্ছে না। দুটি মিলিয়ে একসঙ্গে যৌগিক স্বররূপেই উচ্চারিত হচ্ছে। আসলে বাংলায় শুধু দুটি যৌগিক স্বর লেখার জন্য নির্দিষ্ট বর্ণচিহ্ন আছে। অন্য যৌগিক স্বরগুলি লেখার জন্য

AMBITION

নির্দিষ্ট বর্ণচিহ্ন নেই।

অধঃস্বর ধ্বনি ঃ–

যৌগিক স্বরে দুটি স্বরযুক্ত হয়ে থাকে। কিন্তু দুটি স্বরই স্বতন্ত্র একক স্বরের মতো পূর্ণাঙ্গ নয়। দ্বিতীয় স্বরটি অর্ধোচ্চারিত, এই দ্বিতীয় স্বরটিকে বিশেষজ্ঞরা ঠিক স্বরধ্বনি না বলে অর্ধস্বধ্বনি বলতে চান। যেমন ঐ=ও+ই এই যৌগিক স্বরের দ্বিতীয় স্বরই হল অর্ধোচ্চারিত। তাই এটি অর্ধস্বর। অর্থাৎ আধখানা উচ্চারিত হওয়া স্বরকে অর্ধস্বরধ্বনি বলে।

যেমন – 'মই' কথাটির 'ই' উচ্চারিত হচ্ছে আধখানা। এই আধখানা উচ্চারিত স্বরের তলায় হসন্ত দিয়ে বোঝাই। যেমন– ই, উ, এ, ও।

স্বর ঃ– উচ্চারণের সময়ের কম বেশি অনুযায়ী বাংলা স্বর দুই প্রকার। হ্রস্বস্বর ও দীর্ঘস্বর। এছাড়া রয়েছে প্লুতস্বর।

অর্ধস্বর ঃ অর্ধস্বর ধ্বনি হল চারটি। সেগুলি হল ই, উ, এ, ও।

ব্যঞ্জন ঃ– ব্যঞ্জন ধ্বনিকে দুভাগে ভাগ করা যায়। উচ্চারণের স্থান অনুযায়ী, উচ্চারণের রীতি অনুযায়ী উচ্চারণের স্থান অনুযায়ী ব্যঞ্জনবর্ণকে সাতভাগে ভাগ করা যায়। কণ্ঠবর্ণ, তালব্যবর্ণ, মূর্ধণ্যবর্ণ, দন্তবর্ণ, ওষ্ঠবর্ণ, দন্ত্যোষ্ঠবর্ণ ও নাসিক্যবর্ণ।

উচ্চারনের রীতি অনুযাযী ব্যঞ্জনবর্ণকে ১৪ টি ভাগে ভাগ করা যায়। স্পর্শবর্ণ, ঘোষবর্ণ অঘোষবর্ণ, নাসিক্য বর্ণ, উষ্ণ বর্ণ, অন্তস্থ বর্ণষ অর্ধস্বর, তরলাস্বর, পার্শিক ধ্বনি, কম্পনজাত ধ্বনি, শিশধ্বনি, তাড়নজাত ধ্বনি, অর্ধক্যঞ্জন ও আশ্রয়ীভাগ বর্ণ।মানুষের ইচ্ছায় চার গলা থেকে নিঃসৃত স্বর বায়ুস্তরে শোনার মত যে স্পন্দন শোনে তাকে বলে ধ্বনি যেমন– অ, আ, ই, ঈ, ক, গ, শ ইত্যাদি। এদের উচ্চারণটুকুই ধ্বনি।

ধ্বনি হল– বর্ণের উচ্চারিত রূপ। ধ্বনি আমরা কানে শুনি, চোখে দেখি না, তাই ধ্বনি হল শ্রুতিগ্রাহ্য

ধ্বনি হল– দু প্রকার (ক) স্বরধ্বনি, (খ) ব্যঞ্জনধ্বনি।

ক) স্বরধ্বনি ঃ–

যে ধ্বনি মানুষের গলা থেকে স্বাভাবিক ভাবে সম্পূর্ণ ও সুস্পষ্ট উচ্চারিত হয় তাকে বলে স্বরধ্বনি। যেমন, অ, আ, উ, এ ইত্যাদি।

খ) ব্যঞ্জনধ্বনি ঃ–

যে ধ্বনি স্বরধ্বনির সাহায্যে উচ্চারিত হয় এবং উচ্চারণকালে বাধাপ্রাপ্ত হয় তাকে বলে ব্যঞ্জনধ্বনি। যেমন ক, চ, জ, ট ইত্যাদি।

আমরা মুখ দিয়ে যে ধ্বনি উচ্চারণ করি তা কোন বিশেষ চিহ্ন বা প্রতীক দ্বারা লিপিবদ্ধ করলে তাকে বলে বর্ণ। অর্থাৎ বর্ণ হল ধ্বনির লিখিত রূপ।

বাগযন্ত্রের সাহায্যে কোন শব্দের যতটুকু অংশে একসঙ্গে উচ্চারিত হয় তাকে বলে অক্ষর। যেমন বসুমতী এই শব্দে ব-সু, ম, তী চারটি অক্ষর আছে।

২।যে কোন তিনটি প্রশ্নের উত্তর দিনঃ

ক) নালসে পিঁপড়ের বাসা বানানোর প্রণালী বর্ণনা করুন। প্রসঙ্গত তাদের বসবাস ও জীবনকাহিনী, খাদ্যাভাস, লড়াইয়ের কৃৎকৌশল বর্ণনা করুন।

উত্তর ঃ-গোপালচন্দ্র ভট্টাচার্য্যের লেখা 'পিঁপড়ের লড়াই" প্রবন্ধে পিঁপড়ের বুদ্ধি ও তাদের বাসা নির্মাণ একধরনের পিঁপড়ের পরিচয় পাওয়া যায়। তবে নালসো পিঁপড়ে নামে একধরনের পিঁপড়ের বাসা নির্মাণ প্রণালী অত্যন্ত সুন্দর। এখন আমরা সেই নালসা পিঁপড়ের বুদ্ধি ও তাদের বাসা নির্মাণ কৌশলটিই আলোচনা করবো।

নালসা পিঁপড়েরা গাছের উঁচু ডালে অনেকগলি সবুজ পাতা একসঙ্গে জুড়ে বড় বড় গোলাকার বাসা তৈরী করে। এই বাসায় একসঙ্গে শত শত পিঁপড়ে বাস করে। বাসা নির্মাণের সময় অনেকগুলি নালসো কর্মী একসঙ্গে পাশাপাশাভাবি সার বেঁধে দাঁড়িয়ে পরস্পর সন্নিহিত দুটি পাতাকে একত্রিত করে টেনে ধরে রাখে তখন অপর কর্মীরা তাদের কীড়া মুখে করে নিয়ে আসে। শুঁড়ের সাহায্যে কীড়াগুলির মুখের কাছে সুড়সুড়ি দিলেই তারা একপ্রকার আঠালো সুতো বের করতে থাকে। কাপড় বোনার সময় তাঁতিরা যেমন একবার এদিকে একবার ওদিকে মাকু চালায়, কতকটা সেই কায়দায় কর্মীরা ক্রীড়াগলির মুখ একবার এপাতা আবার ও পাতায় ঠেকিয়ে সূক্ষ্ম সুতোর সাহায্যে পাতার ধারগুলি জুড়ে দেয়। এইভাবে বুনা শেষ হলে বড় বড় ফাঁকাগলিকে বার বার সুতো বুনে সাদা কাগজের মতো পাতালা পর্দায় ঢেকে দেয়। বাইরে বেরোবার জন্য একটি বা দুটি মাত্র পথ রাখে। পাতার পর পাতা জুড়ে ক্রমশ বাা বড় করে তোলে।

আবার বাসা বড় করার জন্য যদি কোন সময়ে একটু দূরবর্তী নিচের ডাল থেকে পাতা নেবার প্রয়োজন হয়, তখন এরা দলে দলে বাসার নিচের দিকে জড়ো হতে থাকে পরস্পর একে অন্যকে আঁকড়ে ধরে শিকলের মতো নিচের দিকে ঝুলে পড়ে। ক্রমে ক্রমে অপরাপর কর্মীরা এসে সেই শিকল বাড়াতে বাড়াতে সর্বশেষ পাতার নাগাল পেলেই কয়েকজন সেটাকে আঁকড়ে ধরে রাখে। অপর কর্মীরা তাদের পা কামড়ে ধরে। তখন উপর দিক থেকে শিকল ক্রমশ খাটো করতে করতে নিচের পাতাকে টেনে কাছে এনে কীড়ার সাহায্যে আগের মত করে মূল বাসার সঙ্গে শক্ত করে গেঁথে দেয়। এভাবেই নালসা পিঁপড়েরা তাদের বাসা তৈরী করে।

এই বাসা তৈরীর জন্য চাই বুদ্ধি। এই বুদ্ধি নালসো পিঁপড়ের আছে বলেই এইভাবে বাসা নির্মাণ করতে পারে। তাই তাদের বুদ্ধির তারিফ করতে হয় এবং লেখক যে এই বুদ্ধির পুঙ্খানুপুঙ্খ বিচার করেছেন তাতে আমরা লেখকের কাছে চিরদিন ঋনী হয়ে থাকবো তাই নয় কি ?

২।খ) 'হাড়' গল্পে ইংরেজ ভক্ত ধনী ও দুর্ভিক্ষগ্রস্থ জনতার জীবনের যে বিশাল ব্যবধান লেখক ফুটিয়ে তুলেছেন, সেটি বর্ণান করুন। প্রসঙ্গত লেখকের দৃষ্টিভঙ্গি সম্পর্কে আপনার অভিমত দিন।

উত্তর - দ্বিতীয় মহাযুদ্ধের প্রেক্ষাপটে লেখা হার গল্পে সাম্যবাদী মানবতাবাদী লেখক দুটি বিপরীত শ্রেণীর চরিত্রের স্বরূপ অঙ্কন করেছেন। একদল অভুক্ত আর একদল ভোগের প্রাচুর্য্যে তীপ্ত। একদিকে লোহার ফটকের মধ্যে কুকুরের পাহারায় নিরাপদ নিশ্চিন্ত ইংরেজভক্ত রায়বাহাদুরের অলস বিলাসী জীবন এবং অন্যদিকে যারা অভুক্ত তারা এক অন্ধকারাচ্ছন্ন ডাস্টবিনের খাবার জানোয়ারের সঙ্গে কাড়াকাড়ি করে খেয়ে এবং হাইড্রেনের নোংরা জল খেয়ে কোনরকমের জীবনধারণ করা। এই দুইয়ের জীবন ধারার বিস্তর ব্যবধানের মাঝখানে মধ্যবিত্ত বর্গের মানুষ হলেন লেখক, এরা না পারে ধনী ব্যক্তিদের সঙ্গে তাল মেলাতে না পারে নিম্ন শ্রেণীর মানুষের পাশে দাঁড়াতে। অথচ তাদের সংগতিপূর্ণ মন শোষিত জনতার জন্য ব্যাথাবোধ করে মাত্র, তাদের জন্য কিছুই করতে পারেন না। কারণ তাদের জীবনও তো সংশয়ে ভরা। তাদের পায়ের তলার মাটি নড়বড়ে।

এক সংশয় চিত্তে মধ্যবিত্ত যুবক পিতৃবত রায়বাহাদুর এল .এইচ চ্যাটার্জীর বাড়ীতে চাকরীর উমেদারী করতে এসেছে। যেটা পেলে হয়তো তার জীবনের ভীত দৃঢ় হতে পারে। কিন্তু এই চাকরিটা পাওয়ার ক্ষেত্রেও তার সংশয় রায় বাহাদুর এ ব্যাপারে সম্মত হবেন কিনা অথচ তার ধারনা রায় বাহাদুর একটা সোচা দিয়ে দিলেই হয়ে যেতে পারে চাকরি। ব্যবহারকরলেও চাকরির ব্যাপারে বিশেষ সাহায্য করতেও প্রস্তুত নয়। তার মত হল কোন এরুটিভ সারভিস্ট-এ ঢুকে 'অ্যাডভেঞ্চারের' অভিজ্ঞতা সঞ্চয় করা যায় না। কিন্তু এই সামান্য চাকরি যে এই মধ্যবিত্তের কাছে কতখানি অসামান্য তা এই খেয়ালী ধনী ব্যক্তির বোধগম্য নয়। যে নাকি তার খেয়াল মেটাতে মন্ত্রসিদ্ধ হাড় কেনে, যার দাম ৫০০০ টাকা।

অপর দিকে বাইরের থেকে দুর্ভিক্ষ পীড়িত নরনারীর আত চিৎকার ভেসে আসছিল। একমুঠো ভাতের জন্য তারা জান্তব চিৎকার করছে।

অথবা ডাস্টবিনের জানোয়ারের সঙ্গে কিছু খাবার খোঁজে পেয়ে কলহল চিৎকার করছে। এই উদরভর্তির জন্য চিৎকার রায় বাহাদুরের গল্পে

AMBITION

ব্যাঘাত তিনি অত্যন্ত বিরক্ত প্রকাশ করেছেন।
"পার্কের ও গুলোর জালায় রাতে আর ঘুমানো যায় না"। কিন্তু সাম্যবাদী মানবতাবাদী লেখক বর্তমান জীবনের সংশয় ক্ষয়ে বিচ্ছিন্নতার বেদনা নিয়েও ভবিষ্যতে আশা শোষণ করেন যে ভবিষ্যতের একদিন দরিদ্র্যের হাতের হাড় মন্ত্র সিদ্ধ অস্ত্র হয়ে বর্তমান সমাজ ব্যবস্থাকে পালটে দেবে এ প্রসঙ্গে সাম্যবাদী কমিউনিষ্ট কবি সুকান্তের উক্তি বিশেষ প্রনিধান যোগ্য।

গ) প্রাচীন বাংলা সাহিত্যের নিদর্শন, তার রচনাকাল, অন্তঃ চারজন রচয়িতার নাম ও বিষযবস্তু সম্পোর্কে উদাহরণসহ আলোচনা করুন।

উত্তর ঃ- বাংলা সাহিত্যের আদি যুগের ইতিহাসে যে একটি মাত্র গ্রন্থকে নিঃসন্দেহে সাহিত্য রূপে স্থান দান করা যেতে পারে তা চর্যাপদ। নেপালের রাজদরবারের গ্রন্থাগার থেকে চর্যাপদের পুঁথি আবিষ্কার করেন মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়। গীতিকবিতার আকারে এই চর্যার পদগুলি রচিত হয়েছে।

চর্যাপদের রচনাকাল নিয়ে বিভিন্ন সাহিত্যিকদের বিভিন্ন মতভেদ লক্ষ্য করা যায়। এঁদের মধ্যে ডঃ শহীদুল্লাহ মনে করেন যে সপ্তম অষ্টম শতাব্দীর দিকে সিদ্ধাচার্য্য লুইপাদ আর্বিভূত হয়েছিলেন। কিন্তু ডঃ সুনীতি কুমার এবং অন্যান্য ভাষা বিজ্ঞানীগণ মনে করে দশম থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যে সিদ্ধাচার্যদের আবির্ভাব। চতুর্দশ শতাব্দীতে রচিত জ্যোতিরীশ্বরের 'বর্ণরত্নাকর' গ্রন্থের চৌরাশী সিদ্ধার নাম আছে তাদের অনেকেই চর্যাপদে রচয়িতা। এ থেকে একটি বিষয় অন্তত নিশ্চিত ভাবে বলা চলে যে চর্যাপদের রচনাকাল নিশ্চিতভাবে চতুর্দশ শতাব্দীর পূর্ববর্তী।
চর্যাপদের রচয়িতাদের সাধারণতঃ সিদ্ধাচার্য্য নামে অভিহিত করা হয়। এঁদের প্রত্যেকেরই নামের পর 'পাদাচার্য্য' উপাধিটি ব্যবহার করা হয়। এই চর্যাপদে ২৪ জন সিদ্ধাচার্য্যের নাম পাওয়া গিয়েছে। এদের মধ্যে কাহ্ন পাই প্রধান। এছাড়া ভুসুক পা, সরহ পা, কুক্কুরী পা, লুই পা, শান্তি পা, শবরী পা, বানা পা, তন্ত্রী পা, কঙ্কন পা, প্রভৃতি সিদ্ধাচার্য্যগণ বিভিন্ন ধরনের পদ রচনা করেছেন।

চর্যাপদের বিষয় বস্তুর বৌদ্ধ সহজপন্থী সাধকদের ভজন সম্পর্কিত কিছু গূঢ় তত্ত্ব বা সাধন সংকেত। সিদ্ধাচার্যগণ যে সাহিত্য সাধনার উদ্দেশ্যে চর্যাপদগুলি রচনা করেন নি তা সহজেই অনুমেয়। বৌদ্ধ সহজিয়া পন্থী সাধকগণ নিজেদের সাধন-ভজন পদ্ধতি নিজেদের গোষ্ঠীর মধ্যে সীমাবদ্ধ রাখবার উদ্দেশ্যে সংকেত বাক্যে এদের প্রচার করেছিলেন। এই কারণেই চর্যাপদগুলির একটা সাধারণ অর্থ সহজেই বের করা যায়। কিন্তু গূঢ় অর্থ হয়তো এখনও পর্যন্ত আমাদের কাছে অজ্ঞাত রয়েছে।

তাই সাধারণ অর্থে আমরা চর্যাপদে তৎকালীন সমাজের নানা চিত্র পাই। ৩৩ সংখ্যক পদে পাই- টিলার উপর বাস করে যে গৃহস্থ বধু, যার কোন প্রতিবেশী নেই, অথচ নিত্য আসে অতিথি, তার দারিদ্র্য বিড়ম্বিত জীবনে।
"টালত মোর ঘর নাহি পড়বেষী।
হাড়ীতে ভাত নাহি নিতি আবেশী।।"
হয়তো এটা কোন সাধক এর গৃহ। নিত্য সেখানে শিষ্যরা বা অতিথিরা আসে। সে সাধক অত্যন্ত গরীব। এইভাবে বিষয়বস্তু সম্পর্কে জানা গিয়েছে।

৩। যে কোনও চারটি প্রশ্নের উত্তর দিনঃ

ক) ব্রাইটনের পাবলিক স্কুলে কিশোর রবীন্দ্রনাথের যে অভিজ্ঞতা হয়েছিল, তার বর্ণনা করুন ?

উত্তর ঃ- জন্ম থেকে মৃত্যুর দিকে ধাবিত হওয়ার পথে ছোট-বড় অসংখ্য ঘটনার মধ্য দিয়ে প্রবাহিত হয় মানুষের জীবনধারা। কেউ কেই জীবনে চলার পথে দেখা দৃশ্যগুলি ছবি স্মৃতির পটে ধরে রাখার চেষ্টা করেন। এইরকমই বিলেতে থাকালীন কিছু স্মৃতি লেখক চিত্ররূপ ধরে রেখেছেন তাঁর জীবনস্মৃতি প্রবন্ধের বিলাত অংশে।

বিলাত আসার লেখকের মুখ্য উদ্দেশ্য ছিল ব্যারিষ্টার হয়ে দেশে ফেরা। তাই একদিন ব্রাইটনের একটি পাবলিক স্কুলে রবীন্দ্রনাথ ভর্তি হলেন। বিদ্যালয়ের অধ্যক্ষ লেখকের মুখের দিকে তাকিয়েই প্রথমে তাঁর মাথার তারিফ করে বললেন – 'বাহবা, তোমার মাথাটা তো চমৎকার, এই ছোট কথাটা যে লেখকের মনে আছে তার কারণ এই .যে বাড়ীতে লেখকের দর্পহরণ করার জন্য যাঁর প্রবল অধ্যবসায় তিনি বিশেষ করে লেখকের এই কথাটা বুঝিয়ে দিয়েছিলেন যে তাঁর ললাট এবং মুখশ্রী পৃথিবীর অনেকের সঙ্গে তুলনায় কোনমতে মধ্যমশ্রেণীর বলে গণ্য হতে পারে। কেননা এটা সৃষ্টিকর্তার নানা প্রকার কার্পণ্য বলে ধরে তিনি নীরর দুঃখ অনুভব করতেন।
এছাড়া ব্রাইটনের পাবলিক স্কুলে পড়াকালীন সেখানকার ছাত্ররা লেখকের সঙ্গে কিছু মাত্র রূঢ় বা খারাপ ব্যবহার করেনি। এমনকি অনেক সময় তারা লেখকের পকেটের মধ্যে কমলালেবু, আপেল প্রভৃতি ফল গুঁজে দিয়ে পালিয়ে যেত। তার থেকে ধারণা জন্মে যে তিনি বিদেশী বলেই হয়তো ছাত্র রা তার সঙ্গে এরূপ আচরণ করে থাকে। কিন্তু দুঃখের বিষয় এই স্কুলে তার বেশীদিন পড়ার সৌভাগ্য ঘটেনি।
সুতরাং দেখা যাচ্ছে ব্রাইটনের পাবলিক স্কুলের স্মৃতি লেখক সুন্দর চিত্রার্পিতের ন্যায় তাঁর 'জীবন্মৃতি' বিলাত প্রবন্ধে লিপিবদ্ধ করেছেন।

ঘ) বাংলা অনুবাদ সাহিত্যে 'রামায়ন', 'মহাভারত' ও 'ভাগবত' গ্রন্থয়ীর রচয়িতাদের নাম ও পরিচয় দিন।

উত্তর ঃ- বাংলা সাহিত্যের আদি যুগের ইতিহাসে যে একটি মাত্র গ্রন্থকে নিঃসন্দেহে সাহিত্য রূপে স্থান দান করা যেতে পারে তা চর্যাপদ। নেপালের রাজদরবারে গ্রন্থাগার থেকে চর্যাপদের পুঁথি আবিষ্কার করেন মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়। গীতিকবিতার আকারে এই চর্যার পদগুলি রচিত হয়েছে।

AMBITION

চর্যাপদের রচনাকাল নিয়ে বিভিন্ন সাহিত্যকদের বিভিন্ন মতভেদ লক্ষ্য করা যায়। এদের মধ্যে ডঃ শহীদুল্লাহ মনে করে যে সপ্তম অষ্টম শতাব্দীর দিকে সিদ্ধাচার্য লুইপাদ আবির্ভূত হয়েছিলেন। কিন্তু ডঃ সুনিতী কুমার এবং অন্যান্য ভাষা বিজ্ঞানীগণ মনে করে দশম থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যে সিদ্ধাচার্যদের আবির্ভাব। চতুর্দশ শতাব্দীতে রচিত জ্যোতিরীশ্বরের বর্ণরত্নাকর গ্রন্থের চৌরাশী সিদ্ধার নাম আছে তাদের অনেকেই চর্যাপদে রচয়িতা। এ থেকে একটি বিষয় অন্তত নিশ্চিত ভাবে বলা চলে যে চর্যাপদের রচনাকাল নিশ্চিতভাবে চতুর্দশ শতাব্দীর পূর্ববর্তী।

চর্যাপদের রচয়িতাদের সাধারণতঃ সিদ্ধাচার্য নামে অভিহিত করা হয়। এঁদের প্রত্যেকেরই নামের পর পাদাচার্য উপাধিটি ব্যবহার করা হয়। এই চর্যাপদে ২৪ জন সিদ্ধাচার্যের নাম পাওয়া গিয়েছে। এদের মধ্যে কাহ্ন পা-ই প্রধান। এছাড়া ভুসুক পা, সরহ পা, কুক্কুরী পা, লুই পা, শান্তি পা, শবরী পা, বীনা পা, তন্ত্রী পা, কঙ্কন পা প্রভৃতি সিদ্ধাচার্যগণ বিভিন্ন ধরনের পদ রচনা করেছেন।

চর্যাপদের বিষয় বস্তুর বৌদ্ধ সহজপন্থী দাধকদের ভজন সম্পর্কিত কিছু গূঢ় তত্ত্ব বা সাধন সংকেত। সিদ্ধাচার্যগণ যে সাহিত্য সাধনার উদ্দেশ্যে চর্যাপদগুলি রচনা করেন নি তা সহজেই অনুমেয়। বৌদ্ধ সহজিয়া পন্থী সাধকগণ নিজেদের সাধন ভজন পদ্ধতি নিজেদের গোষ্ঠীর মধে সীমাবদ্ধ রাখবার উদ্দেশ্যেই সংকেত বাক্যে এদের প্রচার করেছিলেন। এই কারণেই চর্যাপদগুলি একটি সাধারণ অর্থ সহজেই বের করা যায়। কিন্তু গূঢ় অর্থ হয়তো এখনও পর্যন্ত আমাদের কাছে অজ্ঞাত রয়েছে।

তাই সাধারণ অর্থে আমরা চর্যাপদে তৎ কালীন সমাজের নানা চিত্র পাই। ৩৩ সংখ্যক পদে পাই টিলার উপর বাস করে যে গৃহস্থ বধু, যার কোন প্রতিবেশী নেই অথচ নিত্যে আসে অতিথি, তার দারিদ্র বিড়ম্বিত জীবনে।

"টলিত মোর ঘর নাহি পড়বেষী।
হাড়ীতে ভাত নাহি নিতি আবেশী।

হয়তো এটা সাধক এর গৃহ। নিত্য সেখানে শিষ্যরা বা অতিথিরা আসে। সে সাধক অত্যন্ত গরীব। এইভাবে বিষয়বস্তু সম্পর্কে জানা গিয়েছে।

ঙ) 'চৈতন্যভাগবত', চৈতন্যচরিতামৃত' ও চৈততন্যমঙ্গল' গ্রন্থত্রয়ীর যে-কোনো এউকটির কবি ও কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দিন ?

উত্তর ঃ-চৈতন্য জীবনী কাব্যগুলির মধ্যে বৃন্দাবনদাসের শ্রীচৈতন্যভাগবত গ্রন্থটি বাংলায় রচিত প্রথম চৈতন্য জীবনী কাব্য। লোচনদাসের 'চৈতন্যমঙ্গল' নানাম কারণে গুরুত্বপূর্ণ এবং জয়ানন্দের চৈতন্যমঙ্গল ও বিশেষভাবে উল্লেখযোগ্য, কৃষ্ণদাসের কবিরাজের শ্রীচৈতন্যচরিতামৃত চৈতন্য জীবনী হিসেবে শুধু শ্রেষ্ঠ নয়, মধ্যযুগের বাংলা সাহিত্যে কেন মধ্যযুগে ভারতীয় সাহিত্যের একটি বিশিষ্ট গ্রন্থ হিসেবে পরিচিত।

শ্রীচৈতন্য চরিতামৃত শ্রীচৈতন্য ভাগবতের পরিপূরক গ্রন্থ। কেননা, বৃন্দাবন দাস আদি ও মধ্য খণ্ডের উপর গুরুত্ব দিয়েছেন, অন্যদিকে, চৈতন্যলীলার অন্ত্যপর্বের উপর কবিরাজ গোস্বামী গুরুত্ব সহকারে আলোচনা করেছেন।

কৃষ্ণদাস কবিরাজ তিনটি খণ্ডে ৬২টি অধ্যায়ে তাঁর কাব্য বিভক্ত করেছেন। আদি খণ্ডে ১৭টি অধ্যায়ে চৈতন্যের সন্ন্যাস গ্রহণের সময় পর্যন্ত কাহিনী বর্নিত। মধ্য কণ্ডে ২৫টি অধ্যায়ে রায় রামানন্দের সাথে সাধ্যসাধন সম্পর্কিত আলোনারূপ সমাজের সাথে চৈতন্যের সাক্ষাৎকার প্রকাশানন্দের সাথে চৈতন্যের তর্কযুদ্ধ ও প্রকাশানানন্দের পরাভব প্রভৃতি ঘটনা বর্ণিত। অন্ত্যখণ্ডে শ্রীচৈতন্যরে শেষবার বৎসরের দিব্যোন্মাদ অবস্থায় বর্ণনায় কবির কলম স্বতঃস্ফূর্ত হয়ে উঠেছে।

গদ্যের বিষযবস্তুকে কবি সুললিত পয়ার ত্রিপদী ছন্দে সংহত করেছেন। অপূর্ব ভাষা মাধুর্যে, ছন্দ ও অলংকারের সুষমায় এবং কাব্যগুণে গ্রন্থটি কালোত্তীর্ণ। শ্রীচৈতন্যচরিতামৃত শুধু বৈষ্ণব সাহিত্যে পুষ্ট নয়, বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ।

চ) আরাকান রাজসভার যে -কোনো একজন কবি ও কাব্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন ?

উত্তর ঃ- মধ্যযুগের বাংলা সাহিত্য ছিল দেবতা ও ধর্মকেন্দ্রিক, ধর্ম বা দেবতা নিরপেক্ষ চরিত্র বা আদর্শ সেখানে কখনই প্রাধান্য লাভ করেনি, বৈষ্ণব সাহিত্য, মঙ্গলকাব্য, অনুবাদ সাহিত্য মধ্যযুগের এই প্রধান তিন প্রকার সাহিত্যই তার প্রকৃষ্ট উদাহরণ। কিন্তু সপ্তদশ শতাব্দীতে আরাকান রাজসভাকে কেন্দ্র করে যে কবিগোষ্ঠীর আর্বিভাব ঘটেছিল, সেইসব মুসলমান কবির কাব্যগুলি মধ্যযুগের বাংলা সাহিত্যকে নবরূপ দান করেছিল।

সৈয়দ আলাওল অসমাপ্তত লোরচন্দ্রানী সমাপ্ত করেন। তাছাড়া সইফুল মুলক বদিউজ-জমাল গুপ্তপয়কর প্রভৃতি লেখেন। আলাওলের শ্রেষ্ঠ কাব্য পদ্মাবতী।

সৈয়দ আলাওল দৌলত কাজির পরে আরাকান রাজসভার উল্লেখযোগ্য কবি। আলাওলের দেওয়া আত্মপরিচয় থেকে জানা যায় ষোড়শ শতাব্দীর শেষ দিকে তাঁর জন্ম। অল্প বয়স থেকেই আলাওল বিদ্যাচর্চার আগ্রহী ছিলেন। হিন্দু, সংস্কৃত, ফরাসি প্রভৃতি অমাত্য মাগন ঠাকরের পৃষ্ঠপোষকতায় তিনি রচনা করেন তাঁর বিখ্যাত কাব্য পদ্মাবতী মাগন ঠাকুরের মৃত্যুর পর তিনি সোলেমা, সৈয়দ মহম্মদ প্রমুখের পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন।

পদ্মাবতী–মালিক মহম্মদ জায়সির হিন্দি কাব্য পদুমাবৎ অবলম্বনে- আনুমানিক ১৬৪৫– ৪৬ খ্রীঃ 'পদ্মাবতী, রচিত হয় রাজস্থানে প্রচলিত পদ্মিনী বা পদ্মাবতীর কাহিনী নিয়ে জায়সি তাঁর কাব্য রচনা করেছিলেন। পদ্মাবতী তে ইতিহাসে কাহিনীর সঙ্গে কল্পনা মিশ্রিত হয়ে এক ধরনের রোমান্টিক আবহাওয়া আভাসিত হয়েছে। মধ্যযুগীয় ধর্মপ্রচারমূলক সাহিত্য ধারায় এই ধরনের মানবীয় বিষয়ের অবতারনা নিঃসন্দেহে উল্লেখযোগ্য। সেদিক থেকেও কাব্যটির বিশেষ মূল্য আছে।

মধ্যযুগে বেশীরভাগ সাহিত্য যেখানে দেবমাহাত্ম্যমূলক সেখানে আলাওল ও দৌলত কাজীর কাব্যগুলি নর-নারীর রোমান্টির প্রেমগাথামূলক কাব্য হওার এর স্বাতন্ত্র্য মধ্যযুগে লক্ষ্যণীয় হয়ে উঠল।

মধ্যযুগে ভক্তিবাদের আবহাওয়ায় মুসলমান কবিদের কাব্যের মানবতাবাদ বৈপরীত্য সৃষ্টি করে সেই যুগের গতানুগতিকাকে ভঙ্গ করল।

মধ্যযুগের বাংলা সাহিত্য মূলত ছিল গোষ্ঠী নির্ভর ধর্মীয় সাহিত্য, সেখানে মুসলমান কবিদের সাহিত্য ধর্ম নিরপেক্ষ আবেদন নিয়ে উপস্থাপিত হল।

মধ্যযুগের বাংলা সাহিত্যে প্রধানত ছিল ভক্তির কথা। দেবতার কথা, সেখানে ভক্তি থাকার বদলে প্রেমের সঙ্গীত দেবতার বদলে মানুষের বাসনার অভিব্যক্তিতে মুসলমান কবিরা তাঁদের স্বাতন্ত্র্য মেলে ধরলেন।

বৈশিষ্ট্যঃ– আলাওল অনুবাদক হলেও তিনি ভাবানুবাগ করেছেন,– যেমন–

'যোগী সকলের দেব আপ্ত মহাজন
সকল দেবের দেব প্রভু নিরঞ্জন।

আলাওল ছিলেন পন্ডিত কবি, পান্ডিত্য ও বৈদগ্ধের পরিচয় তাঁর কাব্যগুলিতে বিশেষত পদ্মাবতী কাব্য। আলাওল দৃষ্টিভঙ্গিতে সামাজিক, প্রেম ভাবনার সাংসারিক ও বর্ণনারীতিতে রিয়ালিষ্ঠিক।

AMBITION

Bachelors Programme
B.D.P.
Assignment - Decmber, 2014 & June, 2015
FEG : Foundation Course in English

1) Answer any one of the following :

a) Describe how the South African farmers fought with the locusts. What work did Margaret do?

Ans.-A warning was aired by the Govt. that locusts might arrive in swarms. This was a news of much worry and Richard, the farmer was perturbed. Proving the warning true the locusts arrived. A great fear gripped the farming family. The servants came out the kitchen. Both Richard and Old Stephen's calling brought the cook boy and the house boy outside. The cook boy began to beat the ploughshare and the house boy ran off to collect metallic objects for ringing. Wood and grass were piled to lit fire. Soon two white men got busy in the work and column of smoke began rising from all around the farmland. A swarm was advancing and a strange darkness covered the area inspite of the sun blazing. Stephen, the old farmer filling the petrol tins with hot tea and water supplied the thirsty labourers. Locusts were falling everywhere and being unable to bear heavy load of those insects branches as well as a tree broke. Stephen groaned out saying everything was finished. Margaret also became hopeless. The whole day the men tried to drive away the harmful insects throwing hot water, burning fire and debating tin cans. But maximum effort of the farmers caused minimum loss to the locusts. Old Stephen and Richard came back home as defeated soldiers. At night they were discussing over the Government pamphlet that is instructions of defeating the hoppers. In the morning Margaret wondered seeing the locusts were fanning their wings to free them out of night dews. Swarms, one after another were taking wing like small aircraft. By midday the cloud had left the farm and the men got relief from tension.

d) Describe briefly how Gajpati saved the baby from the hyenas.

Ans.-Gajpati was an elephant who was according to his master the biggest, best and most intelligent elephant in all Asia.

One afternoon Karim and his wife camped near the Rapti River. Karim's wife went to the river to bring water. Finding her late in coming Karim worried and shouted by her name. then putting the baby under the custody of Gajpati Karim ran off to find out his wife. Both Gajpati and the baby were in a jolly mood. Gradually darkness covered everything. Hyenas came out of the den. The baby's cry tempted the ferocious animals and they moved to the target. Gajpati was trying to soothe the baby. Then sensing the presence of the hyenas Gajapti squealed a threat. In the mean time the nocturnal animals came close, though they were out of sight of Gajpati. The elephant was tied to a huge wild mango tree. In anger he wanted to break it down to make him free. He did not succeed. Angrily he made of the hyenas and attacked the tree again. Next moment he changed his plan and shortly after pounced on a hyena. Its body stamped to a pulp. The baby was half sleeping and after midnight Gajpati dozed too. In the mean time waking up, the baby moved several yards away. Suddenly Gajpati woke and found the baby out of his range. The hyenas also darted in. he heavily moved forward and the chain cut into his fleshy. At that moment the great tree fell down upon Gajpati and the baby, the hyenas ran off and did not return.

2. Answer any one of the following :

a) What does Indira Gandhi say about the government of India's Family Planning Programme?

Ans.-India is a developing country and her population is increasing by leaps and bounds. This can affect our socio-economic development. The normal life style can also be affected. Rising population brings deficiency in food, deforestation for providing more shelter, increasing of carbon-di-oxide and growth of many new diseases. If this rate of increasing of population goes on there will be and extreme disorder in social life. The economy will collapse totally. So the Government of India has taken a stren decision to control rapid growth of population. And officiallly sponsored programme of family programme has been taken to make people conscious that small family is a happy family. The Government aims at making the programme successful for a healthier and more conscious population.

Education is one of the fundamental needs. Educational and social development can make the country one step ahead in economic development. The nation should be literate. A programme of family planning can be successful only when we spread education among the mass and uplift the standard of living of the people. The Government has moved quite through literacy programme.

The world is burdened with a lot of problems. Obviously increasing population is one of them. Ti is true that population explosion is a threat and misery in a family lies in population. If the alarming growth rate is not cheeked whole human race will be endangered.

AMBITION

3) Answer any three of the following :-

d) What were the jobs that Ruskin Bond could do?

Ans.-The author could type draft job applications for everyone help lovesick students writing passionate letters to girls, make his own bed walk great diatances and pay for the cheat.

e) What did Mrs. Singh tell Ruskin Bond about the Munjia?

Ans-Some of the author's friends made their future shining while some of them had not happy endings. The author flourished himself in the field of publishing books.But neither many people heard of him nor he earned much money. He was not interested to games and sports and could not perform some works. Lack of efforts in performing the works made Bond's friends to think him an impractical person.

The author Ruskin Bond was good at putting pen to paper. He could write fairly well for everyone.

i) What did Subhas Bose's father ask him to do?

Ans.-Subhas Chandra Bose's father asked him to go to England to take preparation there for the Indian Civil service. Subhas made plans about researches in Psychology but his father suggestion obliged him to put aside his plan. He was dead against accepting a job under the British Government. He knew that he would not pass the examination due to shortage of time in his hand. He was given twenty four hours to decide but he made up his mind to go to England within a few hours.

4. School Life (Short Essay)

My high school days are nearly over. But whenever I think about my school life which spans over a period of ten years, I always remember my first day in school. I was very much afraid. Father mother accompanied me to school. But when they departed I stated crying. But the madam who was in the class took me in her arms and began to pat me on my back with sweet words. Several others were also cry. The teachers consoled all of them. But later I become very familiar with the school, teachers and my classmates. I took part in all the function like Saraswati Puja, school spots and even in serving the midday meals. Once the teachers took us to Kolkata for a tour to the zoo, museum and in the science city. It is still a very memorable day for me. But the years rolled over fast and soon the day to part with the school came. Many of my classmates went with me in the same high school but I parted with my beloved school and teachers in tearful eyes. But after so many years only the sweet recollections of my placid and happy school days remain at the core of my heart.

5. Dialogue:

Are you not sure about what profession you should choose after finishing college education and want your father's advice. Write a dialogue between yourself and your father.

Father : My son, It's high time that you should think of choosing a career for you.

Son : Why don't you choose one for me, father? You've seen life from many aspects and I know a Little of it.

Father : My boy, that may be so. But every man has his own bent of mind. And one should follow his own mind. Otherwise he may cut a sorry figure in life.

Son : If you say no, I should like to be a doctor.

Father : Is it? Are you tempted by the huge money a doctor earns, my boy?

Son : Quite opposite, father I don't think money is the sole aim of life. I want to live for an ideal. If I be a doctor, I shall have opportunities to serve people in their sufferings.

Father : That's what people say before they get into their profession. But when they are in it, they run after money.

Son : That may be so in most cases. But I can say for myself. My heart bleeds when I see the poor people dying for want of proper treatment. If I ever get a chance, I shall involve myself in the service of the suffering humanity.

Father : May God grant you the chance you are looking for.

6. Grammar:

(a) Sita went out to buy stamps.
(b) forbidden
(c) Prohibited
(d) have examined
(g) a
(i) Was he not driving his car ?
(J) out.

AMBITION

স্নাতক পাঠক্রম (B.D.P.)

অনুশীলনপত্র (Assignment) : ডিসেম্বর, ২০১৪ ও জুন ২০১৫

ভিত্তিমূলক পাঠক্রম (Foundation, FHS)

মানববিদ্যা ও সমাজবিজ্ঞান

(Foundation Course in Humanities & Social Science)

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ঃ-

ক) সম্পূর্ণ ও অসম্পূর্ণ যন্ত্রের ভিত্তিতে প্রত্নতত্ত্ববিদরা কিভাবে প্রস্তরযুগ (প্রাচীন ও নব্য), তাম্রযুগ ও লৌহযুগ-এর বিভাজন বিভিন্ন স্তরে সাজিয়েছেন তা ব্যাখ্যা করুন।

উত্তর ঃ- প্রাচীন প্রস্তর যুগ শুরু হয়েছিল আড়াই লক্ষ থেকে পাঁচ লক্ষ বছরের মধ্যে। এই যুগের মানুষ সম্পূর্ণভাবে শিকার মাছধরা এবং খাদ্যসংগ্রহের মাধ্যমে জীবন ধারণ করত। এই সময় এরা তীক্ষ্ণ ধারালো যুক্ত পাথর দিয়ে পশু শিকার করত। এই সময় মানুষ বড় বড় পাথর দিয়ে তীক্ষ্ণ ফলা তৈরি করা ছাড়াও কাঠের মগুরের সাহায্যে সরু ফলা তৈরি করতে মানুষ শিখেছিল।

নব্যপ্রস্তর যুগ ঃ নব্যপ্রস্তর যুগ শুরু হয়েছিল দশ থেকে বারো হাজার বছর আগে। এই যুগের মানুষ শুধু পশু শিকারই করত না, এরা বাড়ীতে পশুপালন করতে শিখেছিল। তারা খাদ্যউৎপাদন করতে শিখেছিল। এই যুগের সংস্কৃতিকে মর্গ্যান 'বর্ব্বর যুগ' বলে অভিহিত করেছেন। এই যুগের মানুষ মাটির বাসন তৈরি করতে শিখেছিল। তারা রেশম থেকে সুতো বার করতে শিখেছিল। তার সঙ্গে তারা গাছের বাকলকে পোশাক হিসেবে ব্যবহার করতে শিখেছিল। এই সময়ের অস্ত্রগুলি ছিল উন্নতমানের। ধারালো পাথরের কুঠার, পাথর দিয়ে ফলা বানিয়েছিল। এছাড়া কাস্তে খাঁজ, কুড়ুল ইত্যাদি অস্ত্র বানিয়েছিল নব্যপ্রস্তর যুগের মানুষ। এই অস্ত্রগুলির সুন্দর সুন্দর হাতল লাগিয়ে ছিল পশুর হাড় বা গাছের ডাল দিয়ে। প্রাচীন প্রস্তর যুগের তুলনায় নব্যপ্রস্তর যুগের অস্ত্রগুলি ছিল ধারালো ও মসৃণ এবং সুন্দর।

তাম্রযুগ ঃ অস্ত্র নির্মাণে পরবর্তী বিপ্লব আসে পাঁচহাজার বছর আগে তাম্রযুগে। এই সময় মানুষ অনেক উন্নত হয়েছিল। তখন তারা নগরকেন্দ্রিকভাবে বসবাস শুরু করেছিল। তাই এইসময় মানুষ তার জীবকা অনুসারে সমাজে বিভক্ত হয়ে বসবাস করত। যেমন ছিল কুশলী মিস্ত্রী, ব্যবসায়ী, পুরোহিত, লিপিকার শ্রেণি প্রভৃতি। এইসময় মানুষ তামার আবিষ্কার করেছিল। তারা তামা দিয়ে সমস্ত রকমের অস্ত্রশস্ত্র বানিয়েছিল, তাই এই যুগকে তাম্রযুগ বলা হয়। এই সময় মানুষ তামার সঙ্গে টিন মিশিয়ে ব্রোঞ্জ নামে একটি ধাতুর আবিষ্কার করেছিল। তাম্রযুগে মানুষ চাকার আবিষ্কার করেছিল।

এই যুগের মানুষ তামাকে গলিয়ে তামার অস্ত্র বানাতে শিখেছিল। তামাকে গরম করলে প্রয়োজন মত ধাতানো যায় এবং এবং পিটিয়ে বিভিন্নপ্রকার আকার দেওয়া যায় বা পাতে পরিণত করা যায়। তামার মধ্যে পাথর হাড় বা কাঠের সমস্ত গুণই আছে। তামা পাথরের মতোই ধারালো কিন্তু বেশী টেকসই। আবার তামার সুবিধা পাথরের থেকে অনেক বেশি। তাই তাম্রযুগে তামাকে এইরকম নানা কাজে ব্যবহার করা হত।

লৌহযুগ ঃ লৌহযুগের সূচনা হয়েছিল আনুমানিক ১২০০ খ্রিঃপূর্বাব্দ নাগাদ। লোহা, তামা ও টিনের মতো দুষ্প্রাপ্য নয়। পৃথিবীতে লোহা খুব সহজেই পাওয়া যায়। প্রথমদিকে লোহা দুষ্প্রাপ্য বস্তু ছিল। লোহা খনি থেকে এনে পিটিয়ে নানারকমের অস্ত্রশস্ত্র বানানো হত। কিছুদিন পরে আর্মেনিয় পার্বত্যাঞ্চলের বর্বর উপজাতিরা লোহা গলানোর কৌশল আবিষ্কার করেছিল। এই লোহা দিয়ে মানুষ চাষের অস্ত্রশস্ত্র বানিয়েছিল, সেইসঙ্গে মানুষ যুদ্ধের জন্য ব্যবহৃত বিভিন্ন ধরণের অস্ত্র বানায়। তীরধনুক, বর্শা, লোহার তৈরী ফলা ব্যবহার করা হত। লোহার হালের সাহায্যে পাথুরে জমি ভাঙ্গতে পারত। পূর্বে উন্নতমানের অস্ত্রশস্ত্র ছিল দামী ও দুর্লভ। লোহা আবিষ্কারের পরে এই পার্থক্যটি অনেকটাই কমে গিয়েছিল। বর্তমানের লোহার অস্ত্রশস্ত্র বেশি পরিমাণে ব্যবহৃত হয়।

ঘ) উন্নয়ন কাকে বলে ? উন্নয়ন প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণের বিভিন্ন দিকগুলি আলোচনা করুন ?

উত্তর ঃ- উন্নয়ণের ধারায় মানুষের সমস্ত রকম কাজকর্মের সঙ্গে জড়িত। এইগুলি সামাজিক, রাজনৈতিক ও শাসনতান্ত্রিক সংগঠন এবং প্রযুক্তির ক্ষেত্রে অর্থবহ পরিবর্তনে গুরুত্ব দেওয়া হয়। উন্নয়ণ প্রক্রিয়ার জনগণের অংশগ্রহণ হল একটি আবশ্যিক অঙ্গ।

উন্নয়ণের ধারাকে কার্যকর করার জন্য উপযুক্ত রাজনৈতিক, শাসনতান্ত্রিক, পরিকাঠামো গড়ে তোলা আবিশ্যিক প্রয়োজন।

আবার অনুন্নত দেশগুলিতে সাহায্যের ক্ষেত্রে প্রযুক্তি হস্তান্তরের বিষয়টি প্রাধান্য পায়। নতুন প্রযুক্তিকে গ্রহণ অথবা বর্জন করা জনগণের ওপর নির্ভর করে। প্রযুক্তির পরে ও আগে উৎপাদন, উৎপাদনের সহজলভ্যতাকে উন্নয়ণের আবশ্যিক শর্ত হিসেবে বলা যায়। ১৯৬০ সালে প্রযুক্তি এবং সম্পদকে উন্নয়ণের কাজে যথাযথভাবে ব্যবহার করার উদ্দেশ্যে জনমত গড়ে তোলা হয় এবং তাকে সুষ্ঠভাবে পরিচালনা করার প্রয়োজন হয়। এর থেকে এটি উপলব্ধি করা যায় যে, উন্নয়ণের প্রক্রিয়ায় জনগণকে যুক্ত না করলে সম্পদ অথবা প্রযুক্তির হস্তান্তর একেবারেই অর্থহীন। তাই উন্নয়ণের ক্ষেত্রে জনগণের অংশগ্রহণ আবশ্যিক। জনগণ উন্নয়ণের ক্ষেত্রে চার ধরণের অংশগ্রহণ করতে পারে। সেগুলি হল ঃ-

১। সিদ্ধান্তগ্রহণের ক্ষেত্রে অংশগ্রহণ ঃ কিছু কিছু ক্ষেত্রে জনগণের সিদ্ধান্ত একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়েদাঁড়ায়, জনগণের ধ্যানধারণা গড়ে তোলার, পরিকল্পনা রচনায়, বিভিন্ন বিকল্পের মধ্যে থেকে সঠিক পথ বেছে নেওয়ার ক্ষেত্রে অংশগ্রহণ করে সাধারণ মানুষ। জনগণ আঞ্চলিক স্থানীয় প্রয়োজনকে চিহ্নিত করেই প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে। অর্থের ক্ষেত্রে অর্থ যোগানের ব্যবস্থা ও তার মূল্যায়ন জনগণ করে থাকে।

২। রূপায়ণের ক্ষেত্রে অংশগ্রহণ ঃ সম্পদ সংগ্রহ পরিচালনা এবং সমন্বয় সাধন ইত্যাদির ক্ষেত্রে জনসাধারণ তার প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে অংশগ্রহণ করতে পারেন। প্রকল্পগুলিকে রূপায়িত হলে জনসাধারণই উপকৃত হয়। কারণ শেষ পর্যন্ত জনসাধারণই রূপায়ণের সুফল ভোগ করে। এইসব সুফল ব্যক্তিগত বা সমষ্টিগত হতে পারে। জনগণের অংশগ্রহণই কর্মসূচী এবং প্রকল্পের মূল্যায়নকে অর্থবহন করে। তাই প্রাথমিক রূপরেখাতে এই অংশগ্রহণের ব্যবস্থা সুনিশ্চিত করা দরকার।

৩/ অংশগ্রহণের ফলভোগ ঃ জনসাধারণ এই সব উন্নয়ণে যেমন অংশগ্রহণ করে, তেমনি এইসব থেকে তারা ফলভোগ করে। কোন প্রজেক্টে কতটা অর্থ লাগবে এবং সেই প্রজেক্টের অর্থ কোথা থাকে আসবে এবং যেমনভাবে আসবে তারাই নির্ধারণ করে এবং তাই প্রজেক্ট সফল হলে তার বেশিরভাগ ফলেই তারা লাভবান হবে। দেশের উন্নয়ণের সাথে সাথে তাদের সমৃদ্ধিও বাড়বে।

AMBITION

৪/ মূল্যায়নের ক্ষেত্রে অংশগ্রহণ ঃকোন প্রকল্প যদি কোন সংস্থা নিজের কয়েকজন গোষ্ঠীর মাধ্যমে অর্থ দেয় এবং সেই প্রকল্প সফল হলে তারা সেই জিনিসের মূল্য নিজেরাই ধার্য্য করে এবং তার লভ্যাংশ নিজেরা নিজেদের মধ্যে বন্টন করে নেয়।

জনগণ যে কোন প্রকল্পে অংশগ্রহণ করতে পারে না। আগে প্রকল্পটির বৈশিষ্ট্য এবং কাজের পরিবেশ, দুটিকেই পরীক্ষা করতে হয়। প্রকল্পের বৈশিষ্ট্যের মধ্যে পড়ে জটিল কৃৎকৌশল, প্রকল্পের বৈশিষ্ট্য এবং কাজের পরিবেশ সম্পদের প্রতিযোগিতা, প্রকল্পের সম্ভাব্যতা, সেই সময়ের প্রতিযোগিতা, প্রয়োজন অনুযায়ী প্রকল্পের নমনীয়তা প্রশাসনের সঙ্গে যোগাযোগ রক্ষা ইত্যাদি। এগুলি সাধারণভাবে জনগণের উন্নয়ণ প্রক্রিয়ায় অংশগ্রহণের প্রকৃতি এবং ব্যক্তিকে নিয়ন্ত্রক করে।

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ঃ-

খ) বর্ণবৈষম্যের বিরুদ্ধে ভারতের মনোভাব কী ছিল ?

উত্তর ঃ- ভারতবর্ষ প্রথম থেকেই বর্ণবৈষম্য বিরোধী নীতি অত্যন্ত দৃঢ়তার সাতে অনুসরণ করে আসছে। কেননা, বর্নবৈহম্য ঔপনিবেশিকতারই একটি অংশ। ভারতীয় স্বাধীনতা যুদ্ধের সময় থেকেই মহাত্মা গান্ধির নেতৃত্বে বর্নবৈষম্যের বিরোধীতা গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে এবং এটিযে একটি অত্যন্ত গর্হিত সংস্কার সেটি অনুধাবন করা হয়েছে।

মহাত্মা গান্ধির সত্যাগ্রহ এবং অহিংসামূলক কর্মসূচী প্রথম মানবাধিকারের প্রশ্নটিকে সম্মুখে নিয়ে আসে। দক্ষিণ আফ্রিকা থেকে প্রত্যাবর্তনের পর গান্ধিজি, বর্ণবৈষম্য অ-মানবিক অত্যাচার এবং শোষণের যে কদর্য চেহারা সেখানে দেখে এসেছিলেন সেকথা প্রচার করেন এবং ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে যে কোন আন্দোলনের একটি অপরিহার্য অঙ্গ হিসাবে বর্ণবিরোধী আন্দোলনকে যুক্ত করার কথা বলেন। ১৯৪৬ সালে জাতিপুঞ্জের বারতবর্ষ এই প্রসঙ্গটি উত্থাপন করে আন্তর্জাতিক মহলে সাড়া ফেলে দেয়।

১৯৪৬ সালে অক্টোবর মাসে জাতিপুঞ্জের সাধারণ সভার প্রথম অধিবেশনে বারতবর্ষ বর্ণবেষম্য বিরোধী আন্দোলনের সূত্রপাত করে। তখনও পর্যন্ত জাতিপুঞ্জের ভিতর ঔপনিবেশিক শক্তিসমূহেরেই প্রাধান্য ছিল। অধিকাংশ সদস্যই বৈদেশিক প্রাধান্য ও পীড়ন থেকে মুক্তি খুঁজছিল। ভারতবর্ষ উপনিবেশগুলির পক্ষ নিয়ে বর্ণবৈষম্য বিরোধী আন্দোলনের জন্য উদ্যোগ নেয়। অন্যান্য আন্তর্জাতিক সংগঠনেও ভারত একই ধরণের বক্তব্য প্রকাশ করতে থাকে।

জাতিপুঞ্জ ও ভারত শেষ পর্যন্ত তিনটি সূত্রের ভিত্তিতে এই আন্দোলন শুরু করে - ১) বর্নবৈষম্যমূলক নীতি কোনো দেশের আভ্যন্তরীণ বিষয় হিসেবে বিবেচিত হবে না। ২) এ ধরণের নীতি যে কোন দুটি রাষ্ট্রের সম্পর্ক তিক্ত করে তোলে এটি মেনে দিতে হবে। ৩) বর্নবৈষম্যকে জাতিপুঞ্জের সনদে মানবাধিকার সম্পর্কে সার্বজনীন ঘোষণার বিরোধী বলে বিবেচনা করা হবে।

দক্ষিণ আফ্রিকার পরিস্থিতি আয়ত্তে আনার জন্য জাতিপুঞ্জ যাতে প্রয়াসী হয় ভারত সেদিকে সতর্ক দৃষ্টি রাখে। ১৯৫৫ সালের স্বাধীনতা সম্পর্কিত সনদে আফ্রিকার ন্যাশনাল কংগ্রেস সাম্য ও গণতন্ত্রের দাবি তোলে। কিন্তু ওই দেশের শাসক গোষ্ঠীর প্রতিক্রিয়া হয় অত্যন্ত ভয়াবহ। তারা ৬৯ জন ব্যক্তিকে হত্যা করে। প্রায় ৪০০ জনকে আহত করে এবং ১৯৬১ সালে নিরস্ত্র প্রতিবাদীদের উপর গুলি চালিয়ে এক ভয়াবহ পরিস্থিত গড়ে তোলে।

ভারতীয় উদ্যোগে জাতপুঞ্জ একটি বিশেষ কমিটি গঠন করে এবং সাধারণ সভায় একটি প্রস্তাব গৃহীত হয় যাতে সদস্য রাষ্ট্রগুলি দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে কূটনৈতিক ও অর্থনৈতিক পদক্ষেপ গ্রহণ করে তাদের বর্ণবৈষম্য সম্পর্কিত নীতিগুলকি পরিহার করতে বাধ্য করে।

নেহেরু দক্ষিণ আফ্রিকাকে জাতিপুঞ্জ ও কমনওয়েলথ থেকে আবিষ্কারের দাবি তোলে। পাশ্চাত্য শক্তিগুলি পরোক্ষ বর্ণবিদ্বেষকে সমর্থন করছে বলে তিনি অভিযোগ করেন।

১৯৬৭ সালে আপ্রিকার ন্যাশনাল কংগ্রেস বর্ণবৈষম্য বিরোধী আন্দোলনের প্রকৃত নেতা হিসেবে স্বিকৃত পায়। এই সংগঠন সমগ্র এশিয়ার সমর্থন আদায়ের চেষ্টা করে। কয়েক বছর পরে ভারতবর্ষে SWAPO কে কূটনৈতিক স্বীকৃতি দেয় এবং নিজেদের বৈদেশিক কার্যালয় প্রতিষ্ঠা করে। নেলসন ম্যাণ্ডেলাকে 'নেহেরু পুরস্কার' দিয়ে ভারত দক্ষিণ আফ্রিকার মানুষের প্রতি সহানুভূতি প্রকাশ করে।

ঙ)বৈজ্ঞানিক পদ্ধতি হিসাবে বস্তুনিষ্ঠতার গুণ কী ?

উত্তর ঃ- বস্তু বিষয় ও ঘটনাবলীর সতর্ক পর্যবেক্ষণের উপর এবং যে পরিস্থিতির মধ্যে এই পর্যবেক্ষন চালানো হয় তার বিবরণ লিপিবদ্ধ করার উপর বৈজ্ঞানিক পদ্ধতি বিশেষভাবে নির্ভরশীল। উদাহরণ, হিসেবে, গ্রহণক্ষেত্রের গতিবিধি বহুযুগ ধরে বিশ্বের নানাপ্রান্তের লোক পর্যবেক্ষণ করছে এবং তাদের সংগৃহীত তথ্য থেকে এইসব গ্রহণ ক্ষেত্রের গতিবিধি সম্পর্কে এবং তাদের অবস্থান, গতির দ্রুততা এবং তাদের অবস্থান, গতির দ্রুততা এবং তাদের গতিপতের নিয়ম বা অনিয়ম সম্পর্কে হিসেবনিকেশ করা যায়। অন্য এক উদাহরণের কথাও বলা যায়। যখন কেউ অসুস্থ হয়, তখন রোগের সব লক্ষনগুলো ভাল করে লক্ষ্য করা হয় এবং যদি কোন পথ্য, ঔষধ বা চিকিৎসায় রোগী অপেক্ষাকৃত সুস্থ বোধ করে অথবা অধিকতর অসুস্থ হয় তাও তথ্যাকারে লিপিবদ্ধ করা হয়। এই পর্যবেক্ষনকে অতি অবশ্যই পুরোপুরি তথ্যনির্ভর হতে হয়, অর্থাৎ যা পর্যবেক্ষন করা হচ্ছে সে বিষয়ে যদি প্রচলিত কোন বিশ্বাস থাকে তা যেন পর্যবেক্ষণধারাকে প্রভাবিত না করে। যদি পর্যবেক্ষকেরও কোন ব্যক্তিগত ধারণা বা সংস্কার থাকে তাকেও সরিয়ে রাখতে হবে। এইরকম বস্তুনিষ্ঠার ফলে পৃতিবীর নানাস্থানে কোন একটি রোগের নানা পর্যবেক্ষক একই জাতীয় সিদ্ধান্তে এসে থাকে। এ থেকে অর্জিত জ্ঞানের নির্ভরযোগ্যতা বৃদ্ধি পায়। পরীক্ষা-নিরীক্ষা নানাধরনের হতে পারে, যার মধ্যে দিয়ে অথবা তাকে পৃথিবীর মহাকর্ষের বাইরে পাঠিয়ে তার আচরণ পর্যবেক্ষন করা।

বৈজ্ঞানিক কাজের ক্ষেত্রে সাধারণত আর এক দফা পর্যবেক্ষণ ও পরীক্ষা-নিরীক্ষা আছে যার সাহায্যে কোন সপ্রাণ বা নিষ্প্রাণ বস্তুর আচরণ সম্বন্ধীয় যথার্থ সূত্র গড়ে তোলার আগে, অনুসিদ্ধান্তগুলোকে যাচাই করে নেওয়া হয়।

AMBITION

চ) রাষ্ট্র পরিচালনার নির্দেশমূলক নীতিগুলির তাৎপর্য কী ?

উত্তর ঃ- ভারতীয় সংবিধানের প্রস্তাবনার কতকগুলি নির্দেশমূলক নীতির কথা উল্লেখ করা আছে। এই নির্দেশমূলক নীতিগুলি সংবিধানের রাজনৈতিক এবং নৈতিক পরিসরকে নানাভাবে বাড়িয়েছে, সংবিধানের ১৯নং ধারায় বলা হয়েছে নির্দেশমূলক নীতিগুলি ব্যক্তির অধিকার ও সুযোগ -সুবিধা বৃদ্ধি করতে এবং মূল্যবোধকে বাস্তবে রূপান্তরিত করতে রাষ্ট্রের কর্তব্যের কথা বলা হয়েছে। এই নির্দেশমূলক নীতিগুলির জন্য প্রত্যেকের সমান কাজের জন্য প্রত্যেক নাগরিকের সমানা বেতন, শৈশবে ও যৌবনে শোষণ ও নৈতিক ও পার্থিব দুর্গতির হাত থেকে রক্ষা করা রাষ্ট্রের কর্তব্য।

নির্দেশমূলক নীতির তাৎপর্য ঃসংবিধানের চতুর্থ অংশের অন্যান্য ধারাগুলির নির্দেশ হল — বেকার অবস্থায়, বার্ধক্য ও অসুস্থতার নাগরিকরা যাতে রাষ্ট্রের সাহায্য পায় তারজন্য রাষ্ট্রকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। গ্রামাঞ্চলে গ্রাম পঞ্চায়েত সংগঠিত করতে হবে। যেগুলি স্বায়ত্বশাসনের একক হিসেবে কাজ করবে। সকল শ্রেণির শ্রমিকদের জন্য জীবন ধারণের উপযোগী মজুরী, নাগরিকদের জীবনযাত্রার মানোন্নয়ণ করতে এবং অবসর উপভোগ করতে পারে রাষ্ট্রকে তার জন্য সচেষ্ট হতে হবে।

কেন্দ্রীয় আইনসভা কর্তৃক ঘোষণার মাধ্যমে গুরুত্বপূর্ণ ঐতিহাসিক স্থানগুলিকে সংরক্ষিত করা, গো-হত্যা নির্ধারণ করা, যাতে সমগ্র দেশে একই দেওয়ানী আইন চালু থাকে। দুর্বল শ্রেণির মানুষের অর্থনৈতিক ও শিক্ষাগতস্বার্থের উন্নতি বিধান, আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা বৃদ্ধি করাও রাষ্ট্রের অন্যতম কর্তব্য।

রাষ্ট্র পরিচালনায় নির্দেশমূলক নীতিগুলি বিশ্লেষণ করলে একটি বিষয় পরিষ্কার জানা যায় যে, রাষ্ট্র যদি সঠিকভাবে প্রত্যেকটি নীতিকে অনুসরণ করে, তাহলে এটি একটি কাল্পনিক রাষ্ট্র ব্যবস্থা যা ক্ষমতা ও গণতান্ত্রিক পুর্নাঃসম্পন্ন স্বর্গে পরিণত হবে।

তাহলে বলা যায় যে, এই ধরণের উপদেশগুলি প্রায় অবাস্তব হয়ে দাঁড়ায়, কারণ এই উপদেশ, ইচ্ছা বা আকাঙ্খা –এসব কিছুই আমাদের আয়ত্বের বাইরের। নির্দেশমূলক নীতির তাৎপর্য হল এই যে, এইগুলি রাষ্ট্রের সাফল্য নির্ধারণের মাপকাঠি, কিন্তু এখানে একটা ভয় থেকে যায় যে যদি রাষ্ট্রের প্রতি এই উপদেশগুলিকে জনসাধারণ রাষ্ট্রের মিথ্যা অঙ্গীকার বলে মনে করলে একটা অসন্তোষের সৃষ্টি হয়ে যাবে, আর রাষ্ট্রে রাজনৈতিক বিস্ফোরণ ঘটে যাবে।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ঃ-

ক) সরল সমাজ কাকে বলে ?

উত্তর ঃ- এই পৃথিবীতে যখন প্রথম বনমানুষ থেকে মানুষের সৃষ্টি হয়, তখন সেই মানুষ সমাজকাল বলে তা জানত না। সমাজ কিভাবে গড়ে তুলতে হয় তাও সে জানত না। ক্রমশঃ মানুষের অন্ন, বস্ত্র ও বাসস্থান এই তিনটি জিনিসের খুবই প্রয়োজন দেখা দেয়। খাদ্যের সন্ধানে মানুষ একসময় চারদিক ঘুরে দিনের শেষে কিছু খাবার নিয়ে ঘরে ফিরেছে। এরপর মানুষ উলঙ্গ অবস্থা থেকে গাছের ছাল বা অন্য কিছু দিয়ে বস্ত্র তৈরির চেষ্টা করেছে। তারপর মানুষ দেখল গাছের ডাল বা বনে -জঙ্গলে এখানে ওখানে রাত কাটানো ঠিক নয়। তখন মানুষ বাসস্থান নির্মাণ করল। কিন্তু মানুষ দেখলো একা সমস্ত কাজ করা সম্ভব নয়। তাই তারা পাশাপাশি ঘর নির্মাণ করে বসবাস করতে শুরু করল এবং নিজেদের প্রয়োজনে প্রত্যেকের মধ্যে কাজ ভাগ করে নিল। এইভাবে পাশাপাশি বসবাস করতে করতেই এক একটি সমাজের জন্মনেয়। কিন্তু সেই সমাজ এখনকার সমাজের মতো জটিল ছিল না। সেই সমাজে প্রত্যেক মানুষ তাদের প্রয়োজন সহজেই মেটাতো। এই সমাজকে আমরা 'সরল সমাজ' বলে থাকি। এই সমাজ বর্তমানে আর নেই।

চ) তফশিলি জাতির উপর সংক্ষিপ্ত টীকা লিখুন ?

উত্তর ঃ-তফশিলী জাতি বলতে সেইসব সামাজিকভাবে অস্পৃশ্যদেরকে বোঝায় যারা হিন্দু বর্ণাশ্রমের সবচেয়ে নিম্নস্তরে অবস্থিত, তারফলে এরা নানা ধরণের শোষণের শিকার হয়েছিল। এই শতাব্দীর গোড়ার দিকে এই অনগ্রসর শ্রেণির বিকাশের জন্য সংস্কারের কেন্দ্রবিন্দুতে ছিল। ১৯০১ সালের পর থেকে হিন্দু আধিপত্য সামাজিক সংস্কারকে রাজনৈতিক ক্ষেত্রে নিয়ে যায়।

১৯০৮ সালের পর বিভিন্ন লেখক মনে করেন যে, অস্পৃশ্যরা সংখ্যায় ৫ কোটি বা তার বেশি। ১৯১১সালের আদমসুমারী অনুযায়ী হিন্দু জনসংখ্যার ২৪ শতাংশ অথবা সমগ্র জনসংখ্যার ১৬ শতাংশ হল অস্পৃশ্য। ১৯৩৫ - ৩৬ সালের ভারত শাসন আইনানুযায়ী নির্বাচনে প্রতিনিধিত্বকরার বিধিকে বাস্তবে রূপ দেওয়ার জন্য তফশিলী জাতিদের তালিকাভুক্ত করা হয়। ১৯৪১ সালের আদমসুমারী অনুযায়ী অস্পৃশ্যদের সংখ্যা ছিল ৪ কোটি ৮৮ লক্ষ। ১৯৫০ সালে কেন্দ্রীয় আইনসভা তফশিলীজাতি সংক্রান্ত একটি আদেশ প্রদান করে যা মূলতঃ ১৯৩৬ -এর তালিকার সমতুল্য। ১৯৫১ সালের আদমসুমারী অনুযায়ী তফশিলী জাতির জনসংখ্যা ৫ কোটি ২০ লক্ষ। ১৯৭১ সালের আদমসুমারী অনুযায়ী এই সংখ্যা দাঁড়ায় ৮ কোটিতে।

তফশিলী জাতি নির্ধারণের ক্ষেত্রে প্রাথমিক ভিত্তি হল জাত, একটি জাতি ও একটি রাজ্যে তফশিলীভুক্ত হতে পারে। আবার, অন্য প্রতিবেশি রাজ্যে তা নাও হতে পারে। তফশিলী জাতির জনসংখ্যার বেশিরভাগ অংশই দরিদ্র। উদাহরণ হিসেবে বলা যায় যে, তফশিলী জাতির ৫২ শতাংশ হল ভূমির সঙ্গে জড়িত শ্রমিক, ২৮ শতাংশ হল কৃষক (মূলতঃ ক্ষুদ্র চাষী)। পশ্চিম অঞ্চলে অধিকাংশ তাঁতি তফশিলী জাতির অন্তর্ভুক্ত, আর পূর্বাঞ্চলে সব মৎস্যজীবিরা এই জাতির অন্তর্ভুক্ত।

ছ) কল্যাণমুখি রাষ্ট্র কী ?

উত্তর ঃ-বহু ধনতান্ত্রিক রাষ্ট্রই এই কল্যাণমুখী রাষ্ট্র ব্যবস্থা প্রবর্তন শুরু করে। সরকার হস্তক্ষেপমূলক নীতি ছাড়াও ধনতান্ত্রিক ব্যবস্থায় যে সমস্ত ঋণাত্মক প্রভাব অর্থনীতিতে প্রতিফলিত হয় তা দ্রবীভূত করার দৃষ্টিভঙ্গিই মূলতঃ ব্যাপক অর্থে কল্যাণমুখী রাষ্ট্র গঠনের অভিলক্ষ্য, পশ্চিমের উন্নত ধনতান্ত্রিক রাষ্ট্রগুলিতে সরকার বয়সকালীন নিরাপত্তা, বেকারদের, সুবিধা দান, স্বাস্থ্য, শিক্ষা এবং অন্যান্য সামাজিক সেবামূলক কারণে যথেষ্ট পরিমাণে ব্যয় করে থাকে। এই সমস্তকে এককথায় সামাজিক নিরাপত্তা বা কল্যাণমুখী ব্যবস্থা বলা হয়ে থাকে। এই সমস্ত সুবিধা প্রদানের জন্য পরিকল্পনা প্রয়োজন আছে। ধনতান্ত্রিক অর্থব্যবস্থা বিকাশের একটি অন্যতম বিরুদ্ধ ফলাফল হচ্ছে পরিবেশ ও পরিমণ্ডলের ভারসাম্য যাতে সুরক্ষিত হয় তার উপযুক্ত পরিকল্পনা ও ব্যবস্থা গ্রহণ করা এবং প্রাকৃতিক সম্পদের সংরক্ষণের সুনিশ্চিত করা। মুক্ত বাজার ব্যবস্থা, মুনাফার অভিলক্ষ্যে এই ব্যবস্থা গ্রহণ করা সুনিশ্চিত এবং তা সততই সংশয়মুক্ত। এটি তাই আরও একটি ঐতিহাসিক অভিজ্ঞতা যা থেকে আমরা পরিকল্পনার প্রতি আমাদের পক্ষপাতিত্ব প্রদর্শন করতে পারি।

জ) সংস্কৃতায়ণ বলতে কী বোঝায় ?

